

2 0 1 3

BENGALI

( Modern Indian Language )

Full Marks : 60

Time : 2½ hours

*The figures in the margin indicate full marks  
for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×৭=৭

(ক) “শিব ঠাণ্ডিঃ শুনি তুমি দয়াল প্রচুর।”

এখানে ‘তুমি’ বলতে কার কথা বলা হয়েছে?

(খ) ‘নবদ্বীপ’ কবিতাটি কোন্ কাব্যের অন্তর্গত?

(গ) “না বাখানে যুগধর্ম — কীর্তন।”

(শূন্যস্থান পূর্ণ করো)

(ঘ) ‘মৃত্যুশয্যায় রাবণ’ কবিতাটি কার লেখা?

(ঙ) “নিজ্জগৃহপথ; তাত, দেখাও তস্করে?”

‘তস্কর’ শব্দের অর্থ কী?

(চ) ‘ফাঁকি’ কবিতাটিতে কুলিনারীর নাম কী ছিল?

(ছ) ‘রূপসী বাংলা’ কাব্যগ্রন্থটি কত সালে প্রকাশিত হয়েছিল?

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৪=

(ক) “মায়ে বিয়ে বিসম্বাদ কেবা নাহি করে।”

এখানে মা এবং বি কে কে ?

(খ) “ধর্মাধর্ম রাজধর্ম তোমাতে বিদিত।

তব মুখে শুনিব কিঞ্চিত রাজনীত ॥”

উদ্ধৃতাংশটিতে বক্তা কে ? ‘তোমাতে বিদিত’ বলতে কাকে বোঝানো হয়েছে ?

(গ) “দেখিব আজি, কোন্ দেববলে,

বিমুখ সমরে মোরে সৌমিত্রি কুমতি !”

‘সৌমিত্রি’ কে ? তাঁকে ‘কুমতি’ বলা হয়েছে কেন ?

(ঘ) ‘বাংলার মুখ আমি দেখিয়াছি’ কবিতাটিতে কী কী গাছের

উল্লেখ আছে, লেখো।

৩। নির্দেশ অনুযায়ী উত্তর দাও (যে কোনো তিনটি) :

৫×৩=

(ক) “কৃষ্ণনাম-ভক্তিশূন্য সকল সংসার,

প্রথম কলিতে হৈল ভবিষ্য-আচার ॥”

সপ্রসঙ্গ ব্যাখ্যা করো।

(খ) “জগৎ-ঈশ্বরী তুমি দেবী মহামায়া।

তবে কেন মোর প্রতি হইলা নিদয়া ॥”

‘দেবী মহামায়া’ কে ? কার প্রতি, তিনি কেন নির্দয়, লেখো।

- (গ) “নির্গুণ স্বজন শ্রেয়ঃ, পরঃ পরঃ সদা।”  
নিহিতার্থ ব্যাখ্যা করো।
- (ঘ) “কড়ি খেলিবার ঘর মজে গিয়ে গোখুরার ফাটলে হারায় ;”  
সপ্রসঙ্গ ব্যাখ্যা করো।
- (ঙ) “ফাঁকির বোঝা নামাতে মোর আছে সেই একজন।”  
‘সেই একজন’ বলতে কার কথা বলা হয়েছে? এখানে  
কোন ফাঁকির কথা বলা হয়েছে, সংক্ষেপে লেখো।

- ৪। (ক) ‘মৃত্যুশয্যায় রাবণ’ কবিতাটিতে রাম ও রাবণের যে  
কথোপকথন হয়েছিল তা তোমার নিজের ভাষায় পরিস্ফুট  
করো।

১০

অথবা

- (খ) “হেন সহবাসে,  
হে পিতৃব্য, বর্বরতা কেন না শিখিবে?  
গতি যার নীচ সহ, নীচ সে দুর্মতি।”  
কাকে ‘পিতৃব্য’ সম্বোধন করা হয়েছে? বক্তা কে? বক্তার  
এমন মন্তব্যের কারণ সপ্রসঙ্গ বিশ্লেষণ করো।

- ৫। (ক) “পথের বাঁশি পায়ে পায়ে তারে যে আজ করেছে চঞ্চলা—  
আনন্দে তাই এক হল তার পৌছানো আর চলা।”  
‘ফাঁকি’ কবিতা অনুসরণে বক্তা ও বিনুর এই চলার একটি  
বর্ণনা দাও। এই চলা কোথায়, কীভাবে শেষ হয়েছিল,  
লেখো।

১০

অথবা

(খ) 'হরি হোড়ের বৃত্তান্ত' কবিতাংশটি অনুসরণে হরি হোড়ের দুঃখকাতর জীবনের বর্ণনা দাও।

৬। (ক) "স্থানচিত্রের অনুপুঙ্খ রচনায় জীবনানন্দ সিদ্ধহস্ত।" পাঠ্য কবিতাগুলি অবলম্বনে সমালোচকের এমন মন্তব্যের যথার্থতা পরিস্ফুট করো।

অথবা

(খ) 'আকাশে সাতটি তারা' এবং 'দূর পৃথিবীর গন্ধে' কবিতা দুটিতে বাংলার যে প্রাকৃতিক সৌন্দর্য ফুটে উঠেছে, তার বর্ণনা দাও।

★ ★ ★